**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকার পরিকাঠামো উন্নয়ন ও উন্নত স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দিতে সরকার আন্তরিক ।**

**(২) কেন্দ্রীয় পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস ও পর্যটন প্রতিমন্ত্রী সুরেশ গোপী বলেছেন, ধর্মীয় পর্যটন, অ্যাডভেঞ্চার ট্যুরিজমের উপর কেন্দ্রীয় সরকার বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে।**

**(৩) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ আগামীকাল ঘোষণা করা হবে ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আজ রাশিয়ার সর্বোচ্চ অসামরিক সম্মান দ্য অর্ডার অফ সেন্ট এন্ড্রু দ্য এপোস্টেল প্রদান করা হয় ।**

**(৫) ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় পান্থুই স্পোর্টস সোসাইটি ও সিমনা তমাকারী ফুটবল ক্লাব জয়লাভ করেছে।**

****************************************

**CM-Sepahijala :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকার পরিকাঠামো উন্নয়ন ও উন্নত স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দিতে সরকার আন্তরিক প্রয়াস নিয়েছে। আজ সিপাহীজলা জেলার টাকারজলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্র ও দয়ারামপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত ভবনের উদ্বোধন এবং জম্পুইজলার সুধন্বা দেববর্মা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, ADC এলাকায় সার্বিক উন্নয়নে বর্তমানে প্রায় ১৪০০ কোটি টাকা ব্যয়ে উন্নয়নমূলক কাজকর্ম চলছে। রাজ্য সরকার এই অর্থ বিশ্ব ব্যাঙ্ক থেকে ঋণ হিসেবে গ্রহণ করেছে। মুখ্যমন্ত্রী বলেন, এডিসি এলাকায় একটি মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের যোগাযোগ ব্যবস্থায় অনেক পরিবর্তন এসেছে। রাজ্যে এখন ৬টি জাতীয় সড়ক রয়েছে। আরও ৪টি জাতীয় সড়কের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেছে। এজন্য প্রয়োজনীয় উদ্যোগও নেওয়া হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক মানব দেববর্মা, বিশ্বজিৎ কলই, জম্পুইজলা ব্লকের BAC চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা, সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ।

*************************

**Central Minister :**

কেন্দ্রীয় পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস ও পর্যটন প্রতিমন্ত্রী সুরেশ গোপী বলেছেন, ধর্মীয় পর্যটন, অ্যাডভেঞ্চার ট্যুরিজমের উপর কেন্দ্রীয় সরকার বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। রাজ্যগুলিকেও এই দৃষ্টিভঙ্গিতে কাজ করতে হবে। আজ বিকেলে রাজ্য অতিথিশালায় ত্রিপুরার পর্যটন নিয়ে আয়োজিত এক পর্যালোচনাসভায় তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরায় পর্যটন শিল্পের বিকাশের প্রভূত সম্ভাবনা রয়েছে এবং পর্যটনের মাধ্যমে স্বরোজগারী হওয়ার জন্য বেকারদের উদ্‌বুদ্ধ করতে হবে।

তিনি বলেন, রাজ্যের বিভিন্ন প্রধান উৎসবে দেশের অন্য রাজ্যগুলিকেও সামিল করতে হবে। এগুলিতে দেশের নামী ক্রীড়াবিদদের মধ্য থেকে কাউকে সামিল করা হলে এই উৎসব অনেক বেশি প্রাণবন্ত হয়ে উঠবে।

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বৈঠকে বলেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশিত পথে রাজ্য সরকার পর্যটন শিল্পের বিকাশে কাজ করছে। পর্যটন দপ্তরের অধিকর্তা তথা পর্যটন উন্নয়ন নিগমের এমডি প্রশান্ত বাদল নেগি পর্যটন দপ্তরের কাজকর্ম বিস্তারিতভাবে তুলে ধরেন। পর্যটন সচিব উত্তম কুমার চাকমা আগরতলা থেকে আইজল, শিলং, ডিব্‌রুগড় রুটে পুনরায় বিমান চালানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে কেন্দ্রীয় পর্যটন প্রতিমন্ত্রীর কাছে দাবি জানিয়েছেন। পর্যালোচনাসভার পর কেন্দ্রীয় মন্ত্রী আগরতলা-আখাউড়া চেকপোস্ট পরিদর্শন করেন। সন্ধ্যায় তিনি ওএনজিসির প্রধান কার্যালয়ে ওএনজিসি ও ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেডের আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।

****************************

**Panchayat Election :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ আগামীকাল ঘোষণা করা হবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আগামীকাল বিকেল সাড়ে ৪টায় সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করবেন। উল্লেখ করা যেতে পারে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মোট আসন রয়েছে ৬ হাজার নয়শোরও বেশি। এরমধ্যে আটটি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬টি, পয়ঁত্রিশটি পঞ্চায়েত সমিতিতে আসন ৪২৩টি এবং ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন রয়েছে ৬৩৭২টি। মোট ভোটার সংখ্যা ১২ লক্ষ ৯৫ হাজার ৮৬ জন। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ৮টি জেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা হল ২ হাজার ৬৫০টি।

*************************

**New 3 law :**

সাব্রুমের দক্ষিণ শ্রীনগরে নতুন ৩টি ফৌজদারি আইন নিয়ে আজ এক সচেতনামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সাব্রুম মহকুমা আইনসেবা আয়োজিত এই আলোচনাসভায় নতুন আইনগুলির ব্যাখ্যা করেন আইনজীবি স্বপন দাস।

**************************

**PMAY :**

প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরি প্রকল্পে তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকার ১০৬ জন সুবিধাভোগীর হাতে আজ এক অনুষ্ঠানে পাকা আবাস নির্মাণের মঞ্জুরিপত্র তুলে দেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনার নবম বর্ষপূর্তি উপলক্ষে তেলিয়ামুড়ার অশ্বিনী কুমার

ঘোষ কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার সুবিধাভোগীদের হাতে মঞ্জুরীপত্র তুলে দেন।

*******************************

**PM-Honour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আজ রাশিয়ার সর্বোচ্চ অসামরিক সম্মান দ্য অর্ডার অফ সেন্ট এন্ড্রু দ্য এপোস্টেল প্রদান করা হয়। রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমার পুতিন শ্রী মোদিকে এই সম্মান প্রদান করেন। এই পুরস্কার রাশিয়া ও ভারতের উন্নত কৌশলগত অংশীদারিত্ব ও উভয়দেশের বন্ধুত্বের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অবদানকেই প্রতিফলিত করে।

****************************

**PM, Russia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আস্থা প্রকাশ করেছেন যে ভারত-রাশিয়া সম্পর্ক আগামী বছরগুলিতে আরও শক্তিশালী হবে। প্রধানমন্ত্রী সব ধরনের সন্ত্রাসের নিন্দা করেছেন। তিনি বলেন, গত পাঁচ বছরে প্রথমে কোভিড-১৯ মহামারীর কারণে এবং তারপরে বিভিন্ন সংঘাতের কারণে বিশ্বকে একাধিক চ্যালেঞ্জ মোকাবেলা করতে হয়েছে। শ্রী মোদি ভারত রাশিয়া সহযোগিতার উল্লেখ করে বলেন বিশ্বের মেনে নেওয়া উচিত যে জ্বালানি সংক্রান্ত ভারত-রাশিয়া চুক্তি আন্তর্জাতিক বাজারে স্থিতিশীলতা আনতে বড় ভূমিকা পালন করেছে।

****************************

**PM to Indian :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে সরকারের লক্ষ্য এই তৃতীয় মেয়াদে ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত করা। মস্কোতে ভারতীয় সম্প্রদায়ের সামনে বক্তব্যে শ্রী মোদি বলেন, আজকের ভারত যে লক্ষ্য নির্ধারণ করে তা অর্জন করে। প্রধানমন্ত্রী বলেন, তিনি তিনগুণ বেশি শক্তি এবং তিনগুণ বেশি গতিতে কাজ করার শপথ নিয়েছেন। তিনি বলেন, আজ ভারত বিশ্বকে ডিজিটাল লেনদেনের সবচেয়ে নির্ভরযোগ্য মডেল দিচ্ছে এবং সামাজিক ক্ষেত্রে চমৎকার নীতির মাধ্যমে তার নাগরিকদের ক্ষমতায়ন করছে।

শ্রী মোদী বলেন, ভারতের প্রবৃদ্ধির নতুন গতি বিশ্বের উন্নয়নে একটি নতুন অধ্যায় লিখবে।

*************************

**Amaranth Yatra :**

অমরনাথ যাত্রা চলছে নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবে। এই বছর অমরনাথ যাত্রার মাত্র ১০ দিনে ২ লক্ষের বেশি পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন। আজ ভোরে ৫,৪৩৩ জন পুণ্যার্থী অমরনাথের উদ্দেশ্যে রওনা হয়েছে।

*************************

**BJP press meet :**

ত্রিপুরা প্রদেশ বিজেপি, রাজ্যে প্রথম সফল কিডনি প্রতিস্থাপন হওয়ায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও মন্ত্রীসভার সদস্য সহ চিকিৎসকদের শুভেচ্ছা জানিয়েছে। আজ প্রদেশ বিজেপি

কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে দলের মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য জানান এই সাফল্যের ফলে আর কিডনি সংক্রান্ত চিকিৎসার জন্য রাজ্যের মানুষকে বহিঃরাজ্যে যেতে হবে না। তিনি বলেন এই সফল কিডনি প্রতিস্থাপন চিকিৎসা ক্ষেত্রে রাজ্য সরকারের অন্যতম সাফল্যের নিদর্শন। তিনি বলেন রাজ্যে হেলথ হাব গড়ে তোলার লক্ষ্যে স্বাস্থ্য দপ্তর কাজ করে চলেছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সহ সভাপতি তাপস ভট্টাচার্য।

***************************

**Health Cheek-up :**

প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান প্রকল্পে আজ দক্ষিণ জেলার পাইখোলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সাতজন গর্ভবতী মহিলার স্বাস্থ্য পরীক্ষা করা হয়৷ স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ববিতা দেবনাথ জানান, এই প্রকল্পে প্রতি মাসের ৯ তারিখ আশা কর্মীরা গর্ভবতী মহিলাদের স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসেন।

****************************

**HIV/AIDS-Workshop :**

এইডস সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আজ ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে এক কর্মসূচি কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। ঊনকোটি জেলার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকা সহ ভারপ্রাপ্ত শিক্ষকগণ এবং জাতীয় সেবা প্রকল্পের প্রোগ্রাম আধিকারিকরা এতে অংশ নেন। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা

শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভ্রজিৎ ভট্টাচার্য, জেলা এইডস কন্ট্রোল আধিকারিক ডাঃ শঙ্খশুভ্র দেবনাথ প্রমুখ। বক্তারা তাঁদের ভাষনে এইচ,আই,ভি/এইডস সংক্রমনের কারনে আগাম সতর্কতামূলক ব্যবস্থা এসম্পর্কে আলোকপাত করেন। আজকের কর্মসূচির বিষয়ে ঊনকোটি জেলার এইডস কন্ট্রোল আধিকারিক ডাঃ শঙ্খশুভ্র দেবনাথ জানান, এইডস রোগ ঠেকাতে বিদ্যালয়গুলোতে সচেতনতার বার্তা পৌঁছে দিতে এধরনের কর্মসূচির আয়োজন।

*******************************

**Vonamohatsav/UNAKOTI :**

ঊনকোটি জেলাভিত্তিক বনমহোৎসব আজ পেঁচারথল ব্লকের অন্তর্গত সোনারামপাড়া A.D.C ভিলেজে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, শিল্প-বাণিজ্য ও কারা দপ্তরের মন্ত্রী শান্তনা চাকমা। তিনি প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ব্যাপক বনসৃজনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, A.D.C সদস্য বিমল কান্তি চাকমা, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় প্রমুখ। এখানে আনুষ্ঠানিকভাবে বিভিন্ন গাছের চারা রোপণ করা হয়।

******************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ বা NISER এর শিক্ষার্থীদের, তাদের

শিক্ষা এবং জ্ঞান মানবজাতি এবং দেশের জন্য ব্যবহার করার আহ্বান জানিয়েছেন। আজ ভুবনেশ্বরে NISER-এর ত্রয়োদশ স্নাতক অনুষ্ঠানে তিনি NISER-এর স্নাতকদের অভিনন্দন জানান।

রাষ্ট্রপতি শিক্ষার্থীদের তাদের অধ্যয়ন এবং গবেষণার সময় বিজ্ঞান ও প্রযুক্তির অপব্যবহার সম্পর্কে সতর্ক করে দেন।

***************************

**PM, Assam relief :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি খুব শীঘ্রই বন্যা কবলিত আসামের ত্রাণ ও পুনর্বাসনের জন্য একটি প্যাকেজ ঘোষণা করবেন। কেন্দ্রীয় বিদ্যুৎ, আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল আজ গুয়াহাটিতে একথা বলেছেন। উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির বিদ্যুত ও নগর মন্ত্রীদের পর্যালোচনা বৈঠকে সভাপতিত্ব করার পর সাংবাদিকদের সাথে কথা বলার সময়, শ্রী লাল বলেন যে কেন্দ্রীয় সরকার আসামের বন্যা দুর্গত মানুষদের সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জানান, রাজ্যে বন্যার ক্ষয়ক্ষতির মূল্যায়ন চলছে এবং মূল্যায়ন শেষ হওয়ার পরে প্রধানমন্ত্রী প্যাকেজ ঘোষণা করবেন।

***********************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় পান্‌থুই স্পোর্টস সোসাইটি ও সিমনা তমাকারী ফুটবল ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় পান্‌থুই স্পোর্টস সোসাইটি ২-০ গোলে ইয়ুথ ক্লাবকে হারিয়ে দেয়।

একই মাঠে অপর খেলায় সিমনা তমাকারী ফুটবল ক্লাব ৩-২ গোলে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চৌত্রিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

*************************